



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

Jalalabad Gas Transmission and Distribution System Limited

পেট্রোবাংলার একটি কোম্পানী (A Company of Petrobangla)

গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

তারিখঃ ০৪ ডিসেম্বর ২০২২

বিষয়ঃ “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ে অংশিজনদের অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন)

তারিখ : ২৭ নভেম্বর ২০২২

সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : আঞ্চলিক বিতরণ কার্যালয়, শ্রীমঞ্জল

উপস্থিত সদস্য : উপস্থিতি তালিকা সংযুক্ত।

কোম্পানীর আঞ্চলিক বিতরণ কার্যালয়, শ্রীমঞ্জল এ গত ২৭ নভেম্বর ২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্বে “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ে জেজিটিডিএসএল-এর প্রতিনিধিবৃন্দ এবং অংশিজনদের সমন্বয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি উপস্থিত অংশিজন ও কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

## ২। আলোচনাঃ

- জালালাবাদ গ্যাসের শাহজীবাজার-মৌলভীবাজার গ্যাস পাইপলাইন নেটওয়ার্কে চাপ জনিত সমস্যার বিষয়টি গ্রাহকগণ সভায় উল্লেখ করেন। এতদ বিষয় সভায় আলোচনা হয়। আলোচনা কালে জানানো হয় যে, কালাপুর ও রশিদপুরে জালালাবাদ গ্যাসের নেটওয়ার্কে মৌলভীবাজার গ্যাস ফিল্ডের ১৪ ইঞ্চি লাইনের সাথে টাই-ইন হলে সমস্যাটি সমাধান হবে।
- এছাড়াও যমুনা গুপের ১২ ইঞ্চি, প্রান আরএফএল ও বাদশা গুপের ১৬ ইঞ্চি নিজস্ব লাইন স্থাপনের কাজ প্রক্রিয়াধীন আছে। লাইন দুটি চালু হলে অত্র এলাকার স্থানিয় লাইনে গ্যাসের চাপ জনিত সমস্যা কমবে। উল্লেখ্য যমুনা গুপের নতুন স্থাপিত লাইনে চলতি মাসে Hot Tapping সম্পন্ন হবে বলে সভায় জানানো হয়।
- তাছাড়া ভবিষ্যতে গ্যাস উৎপাদন বৃদ্ধি পেলে এবং জালালাবাদ গ্যাসের বরাদ্দ বৃদ্ধি হলে চাপ জনিত সমস্যা সমাধান হবে মর্মে সভায় অবহিত করা হয়। তবে উল্লেখ্য চাপজনিত সমস্যা সমাধান হলেও বরাদ্দের বেশি ব্যবহার করা যাবেনা।
- গ্যাস ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে Co-generation, Tri-generation কে উদ্ভুদ্ধ করনে সভায় আলোচনা হয়।
- গ্যাস সংক্রান্ত যেকোনো অভিযোগ/সমস্যা জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ কর্তৃক গুরুত্ব সহকারে আমলে নেয়ার বিষয়ে সভায় গ্রাহকগণ সন্তুষ্টি প্রকাশ করেন।
- সিটিজেন চার্টার নিয়ে সভায় আলোচনা কালে প্রতিশ্রুতি অনুযায়ী সেবা দিতে ব্যর্থ হলে অভিযোগ দাখিলের বিভিন্ন পদ্ধতির বিষয়ে সভায় উপস্থিত অংশিজনদের অবহিত করা হয়।
- নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে স্ব-প্রণোদিতভাবে জালালাবাদ গ্যাসের নিয়মিত তদারকির বিষয়ে সভায় বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা/প্রতিনিধি গণ সন্তুষ্টি প্রকাশ করেন।
- অংশিজনদের এক প্রশ্নের জবাবে সিএনজি স্টেশন-এর ক্ষেত্রে অনুমোদিত লোড পূর্ণহলে মাসের অবশিষ্ট দিন সিএনজি স্টেশন বন্ধ থাকে মর্মে অবহিত করা হয়।
- RMS/CMS মেইটেনেন্সের বিষয়ে গ্রাহকগণ কর্তৃক পরামর্শ চাওয়া হলে, RMS/CMS এ জালালাবাদ গ্যাসের প্রতিনিধি কর্তৃক ভিজিটের পরে যদি মেইটেনেন্সের প্রয়োজনীয়তা থাকলে সে অনুযায়ী পরামর্শ/সেবা প্রদান করা হবে মর্মে সভায় অবহিত করা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- গ্রাহকদের RMS/CMS সমূহ সংশ্লিষ্ট আবিষ্কা থেকে নিয়মিত পরিদর্শন করত মেইটেনেন্সের প্রয়োজনীয়তা থাকলে সে অনুযায়ী পরামর্শ প্রদান / ব্যবস্থা গ্রহণ করবে।
- আলোচনা শেষে কোম্পানির “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” মোতাবেক সম্মানিত গ্রাহকদের সেবা প্রদানে কোম্পানির কর্মকর্তা/ কর্মচারী ও গ্রাহকগণের পারস্পরিক সহযোগিতার বিষয়ে সকলে একমত হন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন)

মহাব্যবস্থাপক (অপারেশন)(চ.দা)

ও

আহ্বায়ক, “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ

ও হালনাগান করণ সংক্রান্ত কমিটি

বিতরণঃ

১. উপ-মহাব্যবস্থাপক (আরডিডি হবিগঞ্জ/মৌলভীবাজার), জেজিটিডিএসএল, শাহজীবাজার।
২. সকল আবিষ্কা প্রধান (বিপণন ডিভিশন-দক্ষিণ এর আওতাভুক্ত), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ ।
৩. দপ্তর নথি।

অনুলিপিঃ

১. মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ), জেজিটিডিএসএল, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
২. উপ-ব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক. জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।